



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)  
মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

আবেদনপত্র জমা দেয়ার শেষ  
তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৪

স্মারক নং-২৩.০১.৯০২.৮৫৮.১৪.৭৮৬.১০/চুক্তিভিত্তিক নিয়োগ

তারিখ: ১৫ জানুয়ারি ২০২৪

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-এ নিম্নেবর্ণিত পদসমূহে জরুরী ভিত্তিতে শিক্ষক নিয়োগের (চুক্তিভিত্তিক) লক্ষ্যে জনসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে:

ক্রমিক	পদের নাম, বেতন স্কেল/গ্রেড এবং বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	<p><b>অধ্যাপক</b></p> <p><b>বেতন ও ভাতা:</b></p> <p>ক। মাসিক বেতন-ভাতা: সর্বসাকুল্যে ৮৬,২৫০.০০। খ। উৎসব ভাতা: বছরে ৫৬,৫০০.০০ হারে ০২টি। গ। বাংলা নববর্ষ ভাতা: মূল বেতনের ২০% হারে ০১টি।</p> <p><b>বিষয়সমূহ:</b></p> <p>ক। আন্তর্জাতিক সম্পর্ক খ। সিএসই</p>	<p>(ক) শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে ৪ বৎসরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। পরীক্ষার ফলাফলের মান তফশিল ‘ঙ’ অনুযায়ী। সনাতন পদ্ধতিতে এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম বিভাগ অর্জন করিতে হইবে। প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হইতে হইবে।</p> <p>(খ) অভিজ্ঞতা: প্রার্থীকে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ সর্বমোট ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।</p> <p>(গ) প্রকাশনা: প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে, যেক্ষেত্রে মধ্য First Author/ Corresponding Author হিসেবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২টি ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে থাকিতে হইবে।</p> <p>* তফশিল ‘ঙ’ বিইউপি ওয়েবসাইট এর Career হইতে সংগ্রহ করিতে হইবে।</p>


### শর্তাবলি:

- প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করিয়া আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে (০৮০০ হতে ১৪৩০ ঘটিকা) ‘রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, মিরপুর, ঢাকা-১২১৬’ এই ঠিকানায় ডাকযোগে পৌঁছাইতে হইবে।
- শিক্ষক পদের জন্য ফরম নং-১ প্রযোজ্য। বিইউপির ওয়েবসাইট [www.bup.edu.bd/Career](http://www.bup.edu.bd/Career) লিংক-এ প্রবেশ করে ARCHIVE এর Form হইতে ফরম ডাউনলোড করিয়া আবেদন করিতে হইবে।
- ‘রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)’-এর অনুকূলে সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে ৬০০/- টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করিতে হইবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না)। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে। পে-অর্ডারের মূল কপি প্রেরণ না করিলে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- সদ্যতোলা ০৭কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ডযুক্ত) সত্যায়িতসহ সংযুক্ত করিতে হইবে।
- সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশিট এবং সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান-প্রধানের নিকট হইতে প্রশংসাপত্রের অনুলিপি সত্যায়িতসহ সংযুক্ত করিতে হইবে।
- অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- জাতীয় পরিচয়পত্র এবং জাতীয়তার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
- মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে। কোর্টা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হইবে।
- বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান হইতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ডিগ্রি সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
- পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো পরীক্ষায় প্রথম/ দ্বিতীয়/ তৃতীয় স্থান অধিকারকারী কোনো প্রার্থীর জিপিএ/সিজিপিএ তফশিল ‘ঙ’ অপেক্ষা কম হইলেও কর্তৃপক্ষের বিবেচনা সাপেক্ষে শিথিলযোগ্য।
- খামের উপর প্রার্থীত পদের নাম উল্লেখ করিতে হইবে।
- ০৭ সেট আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) A4 সাইজের খামে দাখিল করিতে হইবে।
- চাকুরিরত প্রার্থীদের তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।
- সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোনো ধরনের সুপারিশ অযোগ্যতা হিসেবে গণ্য হইবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত/মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১৮। কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদসমূহের পদসংখ্যা নির্ধারণ ও হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অনুযায়ী অভিজ্ঞতা ও প্রকাশনার (প্রযোজ্য ক্ষেত্রে) শর্ত পূরণ করিতে হইবে।

২০। নিয়োগের ক্ষেত্রে চুক্তিপত্রে উল্লেখিত শর্তাবলী প্রযোজ্য হইবে।



রেজিস্ট্রার

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

OK